



মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৬/ ৮৯০১

তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ  
১৯ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

নাংলা পি,এস,জে, ফাজিল মাদরাসা, ডাকঘরঃ সুজনশাহা, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ০৫.০৬.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ০১.০৭.২০১৮ খ্রিঃ থেকে ৩০.০৬.২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

শর্তসমূহ :

- ১। অধ্যক্ষ, উপাধ্যক্ষের জন্য সুসজ্জিত কক্ষ ও পরিপাটি শিক্ষক মিলনায়তনের ব্যবস্থা করতে হবে।
- ২। মাদরাসার চলমান মামলাগুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।
- ৩। মাদরাসার ভূমি, আমবাগান ইজারা প্রদানের ক্ষেত্রে যথাযথ নিয়ম অনুসরণ করে যাবতীয় আয় মাদরাসার ব্যাংক একাউন্টে জমা করতে হবে।
- ৪। মাদরাসার ক্রয় সংক্রান্ত বিষয়ে PPR অনুসরণ করতে হবে এবং নিয়মিত ক্যাশ বই হালনাগাদ করতে হবে।
- ৫। শ্রেণিকক্ষের সংকট নিরসনের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৬। মাদরাসার জরাজীর্ণ অবকাঠামোগুলোর উন্নয়নে পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ৭। লাইব্রেরির জন্য পৃথক কক্ষের ব্যবস্থা করে যুগোপযোগী ও রেফারেন্স গ্রন্থ দ্বারা সমৃদ্ধ করে শিক্ষার্থীদের লাইব্রেরিতে অধ্যয়নের সুযোগ দিতে হবে।
- ৮। শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৯। ফাজিল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ১০। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়সহ সংশ্লিষ্ট দপ্তরের নোটিশগুলো মাদরাসার নোটিশ বোর্ডে লাগাতে হবে।
- ১১। শ্রেণিকক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান করতে হবে।
- ১২। শিক্ষাসহায়ক কার্যক্রম যেমন-দেয়ালিকা, বিতর্ক, খেলাধুলা, হামদ-নাত ইত্যাদি আয়োজন ও শিক্ষার্থীদের নিয়মিত অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।
- ১৩। শিক্ষার্থীদের আইসিটি ক্লাস নিয়মিত নিশ্চিত করতে হবে।
- ১৪। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

১৭. ০৬.২০১৭

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

নাংলা পি,এস,জে, ফাজিল মাদরাসা

ডাকঘরঃ সুজনশাহা, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, নাংলা পি,এস,জে, ফাজিল মাদরাসা, ডাকঘরঃ সুজনশাহা, উপজেলাঃ তালা, জেলাঃ সাতক্ষীরা।
- ৮। অফিস নথি।